গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

নং-নং-১৫.৫৭.০০০০.০০১.২০.০০১.২০(অংশ-২).১৬৪৭ তারিখ: ২৭ ফাল্গুন, ১৪২৭
১৪ মার্চ, ২০২১

**বিষয়: শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভায় অংশগ্রহন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম [১.২] এর আওতায় **"শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা"** আয়োজনের আবশ্যকতা রয়েছে। তৎপ্রেক্ষিতে আগামী ১৫ মার্চ, ২০২১ বেলা ১০:৩০ ঘটিকায় তথ্য ভবনের ২য় তলায় (সভাকক্ষে) অংশীজনদের অংশগ্রহণে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত মতবিনিময় সভায় অংশগ্রহণের লক্ষ্যে তাঁর দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৪.০৩.২০২১

স.ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
৪। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
৫। পরিচালক/সিনিয়র সম্পাদক/উপপরিচালক/সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৭। অফিস কপি
৮। ওয়েবসাইট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম [১.২] এর আওতায়

## শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা |
| স্থান | : | সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন |
| তারিখ ও সময় | : | ১৫ মার্চ, ২০২১ খ্রি, বেলা ১০:৩০ ঘটিকা |

**১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট ‘ক’।**

**২.০** সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

**৩.০** মহাপরিচালক সূচনা বক্তব্যে বলেন, একটি সুখী ও আত্মমর্যাদাশীল জাতিকে গড়ে তোলার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে উত্তম চর্চাসমূহ লালন ও পালন করতে হবে। তিনি শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত পদক্ষেপ, উত্তম চর্চা ও প্রশিক্ষণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতিসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন এবং অংশীজদের মতামত আহ্বান করেন।

**৪.০** বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের প্রতিনিধি জানান, কোভিড-১৯ মহামারী মোকাবেলায় তথ্য ভবনের ভেতর ও বাহির পরিস্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। তথ্য ভবনের ০৩টি দপ্তরে নিয়োজিত কর্মচারীদের আরও বেশি তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন। প্রত্যেক কর্মচারী যেন নিজ দায়িত্বে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে প্রতিটি দপ্তরকে নির্দেশনা প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন।

**৫.০** গণযোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধি জানান, উত্তম চর্চার অংশ হিসেবে সরকারি প্রচার কার্যক্রমের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে আরও তৎপর হতে হবে। প্রচার কার্যক্রম যেন আরও স্বচ্ছ ও গতিশীল হয় সে বিষয়ে গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগের উপর গুরুত্বারোপ করেন।

৬.০ **বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৬.১ সকল কর্মকর্তা-কর্মচারীসহ সকল শ্রেণির অংশীজনদের সততা, কর্তব্যনিষ্ঠা এবং অংশীদারিত্ব নিশ্চিতকরণের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা;

৬.২ সকল কর্মকর্তা-কর্মচারীদের শিষ্টাচার ও ভদ্রতার প্রতি গুরুত্বারোপ করা;

৬.৩ বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়া;

৬.৪ অংশীজনদের মতামত গুরুত্বের সাথে বিবেচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা;

৬.৫ নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করা;

৭.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আলী সরকার
পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)
ও
এপিএ টিম লিডার।

নং-১৫.৫৭.০০০০.০০১.২০.০০১.২০(অংশ-২). তারিখ: ফাল্গুন, ১৪২৭ / মার্চ, ২০২১

**বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):**

১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
৪। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
৫। জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
৬। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
৭। জনাব ইসরাত জাহান, উপপরিচালক (প্রকাশনা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
৮। জনাব ডায়ানা ইসলাম সিমা, সম্পাদক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
৯। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন), সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি,
১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএফপি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি
১২। ওয়েবসাইট।

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)
ও
এপিএ ফোকাল পয়েন্ট।